**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

**ঢাকা, সোমবার ৪ জানুয়ারি ২০১৫, ২১ পৌষ ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। শিক্ষায় ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর অংশগ্রহণ বাড়াতে হবে: প্রধানমন্ত্রী

২। জ্বালানি তেলের দাম পুননির্ধারণ করা হবে: অর্থমন্ত্রী

৩। বাংলাদেশে আইএসের অস্তিত্ব নেই: স্বরাষ্ট্রমন্ত্রী

৪। নতুন বছরে অর্থনীতির সব খাতে অগ্রগতি অব্যাহত থাকবে: বাণিজ্যমন্ত্রী

৫। শিগগিরই অ্যাক্রিডিটেশন কাউন্সিল আইন প্রণয়নের উদ্যোগ নেওয়া হবে : শিক্ষামন্ত্রী

৬। দেশের টাকা বিদেশে বিনিয়োগ হচ্ছে : তথ্যমন্ত্রী

৭। বিসিএস পরীক্ষায় ঘড়ি ব্যবহার নিষিদ্ধ করেছে সরকারি কর্মকমিশন

৮। প্রাক-প্রাথমিকে সহকারী শিক্ষক নিয়োগের চূড়ান্ত ফল প্রকাশ

৯। জননিরাপত্তা বিঘ্নিত হয় এমন কর্মসূচির অনুমতি মিলবে না

: সাংবাদিকদের ডিএমপি কমিশনার

১০। মালদ্বীপ হাইকমিশন ঢাকায় পুনরায় চালু

১১। ২০১৫-১৬ অর্থবছরে বাজেট ঘাটতি থাকবে ৪০ হাজার কোটি টাকা

: সিপিডির পর্যালোচনা প্রতিবেদন

## ১। শিক্ষায় ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর অংশগ্রহণ বাড়াতে হবেঃ প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, দেশের উন্নয়ন নিশ্চত করার স্বার্থে তৃণমূলের মানুষের আর্থসামাজিক উন্নয়ন জরুরি। এ জন্য সমাজের সামগ্রিক উন্নয়নে শিক্ষার ক্ষেত্রে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর অংশগ্রহণ বাড়াতে হবে। গতকাল ৩ জানুয়ারি রোববার গণভবনে সমতল ভূমিতে বসবাসকারী ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর মেধাবী শিক্ষার্থীদের মাঝে বৃত্তি বিতরণকালে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **প্রথম আলো** (পৃ.২,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **নিউজ টুডে** (শেষপৃ.,ক.৬), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৫)।

## ২। জ্বালানি তেলের দাম পুনর্নির্ধারণ করা হবেঃ অর্থমন্ত্রী

আন্তর্জাতিক বাজারের সঙ্গে সমন্বয় করে জ্বালানি তেলের দাম কমানোর ইঙ্গিত দিলেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তিনি বলেছেন, জ্বালানি তেলের দাম নিয়ে একটি নীতিমালা করার পরই সরকার দাম পুনর্নির্ধারণ করবে। গতকাল ৩ জানুয়ারি রোববার মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইণ্ডাস্ট্রিজের প্রতিনিধিদের সঙ্গে এক বৈঠকের পর সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৮), **অবজারভার** (পৃ.১,ক.৫), **প্রথম আলো** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

## ৩। বাংলাদেশে আইএসের অস্তিত্ব নেইঃ স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, বাংলদেশের উন্নয়নের ধারাকে বাধাগ্রস্ত করতে দেশি-বিদেশি চক্রান্ত হচ্ছে। দেশে আইএসের অস্তিত্ব নেই। কিছু বিপথগামী ও উগ্রবাদী জঙ্গি থাকলেও তাদের অনেককে গ্রেফতার করে আইনের আওতায় আনা হয়েছে। গতকাল ৩ জানুয়ারি রোববার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উদ্যোগে রাজধানীর শ্যামপুরে ‘সন্ত্রাস ও জঙ্গিবাদ দমনে আলেম-ওলামাদের ভূমিকা’ শীর্ষক এক মতবিনিময় সভায় মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.১), **প্রথম আলো** (পৃ.২,ক.৮), **সংবাদ** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

## ৪। নতুন বছরে অর্থনীতির সব খাতে অগ্রগতি অব্যাহত থাকবে : বাণিজ্যমন্ত্রী

নতুন বছরে অর্থনীতির সব খাতের অগ্রগতি অব্যাহত থাকবে বলে আশাবাদ ব্যক্ত করেছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। তিনি বলেছেন, সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনা অভিক্ষেপ অনুযায়ী

রূপকল্প-২১ সালের মধ্যেই রফতানি ৬০ বিলিয়ন ডলারে পৌঁছবে। গতকাল ৩ জানুয়ারি রোববার সচিবালয়ে বাণিজ্য মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে ঢাকা মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইণ্ডাস্ট্রির নেতাদের সঙ্গে বৈঠক শেষে তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ইনকিলাব** (পৃ.১,ক.১), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১,ক.২)।

## ৫। শিগগিরই অ্যাক্রিডিটেশন কাউন্সিল আইন প্রণয়নের উদ্যোগ নেওয়া হবে : শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, নতুন প্রজন্মের জন্য মানসম্মত উচ্চ শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে শিগগিরই অ্যাক্রিডিটেশন কাউন্সিল আইন প্রণয়নের উদ্যোগ নিয়েছে সরকার। তিনি বলেন,এ আইন কার্যকর হলে উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলোর মধ্যে একটি সুস্থ প্রতিযোগিতা সৃষ্টি হবে। শিক্ষামন্ত্রী গতকাল ৩ জানুয়ারি রোববার রাজধানীর সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনষ্টিটিউট মিলনায়তনে অ্যাক্রিডিটেশন কাউন্সিল আইনের ওপর আয়োজিত সেমিনারে বক্তৃতায় এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৬), **সংবাদ**

(পৃ.১,ক.৪), **ইনকিলাব** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.২,ক.২)। চলমান পাতা-৩



## ৬। দেশের টাকা বিদেশে বিনিয়োগ হচ্ছে : তথ্যমন্ত্রী

বিনিয়োগের ভালো পরিবেশে থাকলেও অনেকে দেশের টাকা বিদেশে বিনিয়োগ করছে বলে মন্তব্য করেছেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। গতকাল ৩ জানুয়ারি রোববার রাজধানীর ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইন্সটিটিউশনে বাংলাদেশ আয়ুর্বেদিক মেডিসিন ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশন ও বাণিজ্য মন্ত্রণালয়ের বিজনেস প্রমোশন কাউন্সিল আয়োজিত ‘কোয়ালিটি ডেভেলপমেন্ট অ্যান্ড এক্সপোর্ট পসিবিলিটি অফ আয়ুর্বেদিক মেডিসিন’ শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**যায়যায়দিন** (পৃ.৩,ক.৭)।

## ৭। বিসিএস পরীক্ষায় ঘড়ি ব্যবহার নিষিদ্ধ করেছে সরকারি কর্মকমিশন

বিসিএস পরীক্ষার সময় হাতঘড়ি, পকেট ঘড়ি, ইলেকট্রনিক ঘড়ির ব্যবহার নিষিদ্ধ করেছে সরকারি কর্মকমিশন। গতকাল ৩ জানুয়ারি রোববার পিএসসির এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, আগামী ৮ জানুয়ারি অনুষ্ঠেয় ৩৬তম বিসিএসের বাছাই (প্রিলিমিনারি) পরীক্ষা থেকে এ নিষেধাজ্ঞা কার্যকর করা হবে। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫), **সংবাদ** ( শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ**(পৃ.২,ক.৭)

**ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১)।

**৮। প্রাক-প্রাথমিকে সহকারী শিক্ষক নিয়োগের চূড়ান্ত ফল প্রকাশ**

সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রাক-প্রাথমিকের সহকারী শিক্ষক নিয়োগের চূড়ান্ত ফলাফল প্রকাশ করেছে প্রাথমিক শিক্ষা অধিদফতর। ৬১ জেলায় চূড়ান্ত ফলাফলে ১৩ হাজার ৯৭৪ জন উর্ত্তীণ হয়েছেন বলে জানিয়েছেন প্রাথমিকও গণশিক্ষা মন্ত্রণালয়। প্রাথমিক ও শিক্ষা অধিদফতরের ওয়েবসাইটে এ (www.dpe.gov.bd) ফল পাওয়া যাবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৬), **যায়াযায়দিন** ( পৃ.১,ক.৮), **যুগান্তর** (পৃ.২,ক.৭)।

**৯। জননিরাপত্তা বিঘ্নিত হয় এমন কর্মসূচির অনুমতি মিলবে না**

**: সাংবাদিকদের ডিএমপি কমিশনার**

ঢাকা মহানগর পুলিশ ৫ জানুয়ারির নির্বাচনের দ্বিতীয় বর্ষপূতিতে রাজধানীতে কোনো দলকে সাংঘর্ষিক কোনো কর্মসূচি করার অনুমতি দেবে না। গতকাল ৩ জানুয়ারি রাজধানীতে এক অনুষ্ঠানে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ কথা বলেন ডিএমপির কমিশনার আছাদুজ্জামান মিয়া। সূত্রঃ **ভোরের কাগজ** (পৃ.১,ক.৪), **সংবাদ** (পৃ.১,ক.৫), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৪)।

**১০। মালদ্বীপ হাইকমিশন ঢাকায় পুনরায় চালু**

দু’বছর বন্ধ থাকার পর ঢাকায় পুনরায় হাইকমিশন চালু করেছে মালদ্বীপ। দেশটির নতুন হাইকমিশনার নিযুক্ত হয়েছে মোহাম্মেদ আসিম। নবনিযুক্ত হাইকমিশনার গতকাল ৩ জানুয়ারি রোববার পররাষ্ট্র মন্ত্রণালয়ের পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলীর সঙ্গে সাক্ষাৎ করেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১৭,ক.২), **জনকন্ঠ** (পৃ.২,ক.১)।

**১১। ২০১৫-১৬ অর্থবছরে বাজেট ঘাটতি থাকবে ৪০ হাজার কোটি টাকা**

**: সিপিডির পর্যালোচনা প্রতিবেদন**

২০১৫-১৬ অর্থবছরে বাজেট ঘাটতি ৪০ হাজার কোটি টাকা ছাড়িয়ে যাবে বলে জানিয়েছে

বেসরকারি গবেষণা সংস্থা ‘সেন্টার ফর পলিসি ডায়ালগ’। গতকাল ৩ জানুয়ারি ব্র্যাক সেন্টারে ২০১৫-১৬ অর্থবছরে প্রথম ৬ মাসের পর্যালোচনা প্রতিববেদন প্রকাশ করে সংস্থাটি। সূত্র-**যুগান্তর** (পৃ.৯,ক.১),

**প্রথম আলো** (পৃ.১৩,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.২), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৩), **ফিনানশিয়াল এক্সপ্রেস** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

## সম্পাদকীয়

ক. **প্রথম আলো, যায়যায়দিন, যুগান্তর, ভোরের কাগজ, সংবাদ, ডেইলি স্টার, অবজারভার :** ৫ জানুয়ারি ক্ষমতাসীন আওয়ামী লীগ ও বিএনপির জনসমাবেশের ঘোষণা দেওয়ার কথা উল্লেখ করে তা যেন শান্তিপূর্ণ ভাবে অনুষ্ঠিত হয় সে ব্যাপারে উভয় দলকে সচেতন হওয়ার আহ্বান।

খ. **ইত্তেফাক :** জনস্বাস্থ্যের জন্য মারাত্মক হুমকি নিষিদ্ধ ঘোষিত সোডিয়াম সাইক্লোমেট যা ঘনচিনি নামে পরিচিত তা চোরাই পথে হাজার হাজার টন দেশে আসার সংবাদে উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

গ. **জনকণ্ঠ :** জনস্বার্থে ঢাকা সিটি করপোরেশনকে রাস্তা দখলকারীদের বিরুদ্ধে বড় ধরণের অভিযানে নামার আহ্বান।

ঘ. **সংবাদ :** দেশে ৩৪ লাখ শিশু শ্রমিকের মধ্যে ১৩ লাখ শিশু ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত থাকার বিষয়টি মানবাধিকার পরিপন্থী উল্লেখ করে ঝুঁকিপূর্ণ কাজে শিশু শ্রমিক নিয়োগ বন্ধে যথাযথভাবে মনিটরিংয়ের মাধ্যমে আইনি ব্যবস্থা গ্রহনের সুপারিশ।

ঙ. **সমকাল:** বিশ্ব বাজারে জ্বালানি তেলের দাম কমার সাথে সমন্বয় করে দেশে তেলের দাম কমানোর পদক্ষেপ নিলে জিডিপির প্রবৃদ্ধি বাড়বে বলে মত প্রকাশ।

চ. **ডেইলি স্টার :** রাজধানী ‘পরিচ্ছন্ন’ রাখতে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়রের পরিচ্ছন্ন ঢাকা ২০১৬’ উদ্যোগে গৃহীত বিভিন্ন পদক্ষেপ বাস্তবায়নে কঠিন হলেও লক্ষ্য অর্জন সম্ভব বলে অভিমত প্রকাশ।

ছ. **ইন্ডিপেনডেন্ট, নিউ নেশন :** অষ্টম পে-স্কেলে সিলেকশন গ্রেড ও টাইম স্কেল নিয়ে পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের দাবি দাওয়া আমলে নিয়ে সমস্যা সমাধানের উদ্যোগ নেওয়ার সুপারিশ।

জ. **নিউএজ :** ক্ষুদ্রনৃ-গোষ্ঠীর প্রাইমারি শিক্ষার্থীদের মাতৃভাষায় পাঠ্যপুস্তক সরবরাহের যথাযথ ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

ঝ. **নিউ নেশন :** কৃষকদের উৎপাদিত ধানের ন্যায্য মূল্য প্রাপ্তি নিশ্চিত করতে চাল আমদানি বন্ধের আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে দেশ জুড়ে জঙ্গি তৎপরতা শুধু আইন করে বন্ধ করা যাবে না। সে ব্যাপারে জনগণকেও সচেতন হতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত **'ছাত্র রাজনীতির সুফল পেতে করণীয়'** শিরোনামের নিবন্ধে অধ্যাপক ড. মীজানুর রহমান ছাত্রদের বয়স সীমা নির্ধারণ, প্রকৃত ছাত্রদের দিয়ে কমিটি গঠন। নিয়মিত কাউন্সিলের মাধ্যমে কমিটি বদল হওয়াসহ শৃঙ্খলার মধ্যে ছাত্র রাজনীতিকে আনতে হবে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৫/৯.০০ ঘণ্টা